



শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৪৩.১২২.১৬- ৪৫২,

তারিখ: ১৫/০৫/২০২৩ খ্রি.

অফিস আদেশ

“সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আন্তীকরণ বিধিমালা-২০১৮”-এর আলোকে সদ্য সরকারিকৃত মাটিরাংগা সরকারি ডিগ্রি কলেজ, মাটিরাংগা, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব প্রশান্ত কুমার ত্রিপুরার বয়স ৬০ (ষাট) বৎসর পূর্ণ হওয়ায় অবসর গ্রহন করেন। কলেজের পরবর্তী অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) দায়িত্বভার হস্তান্তর করার নিমিত্তে জ্যেষ্ঠতম শিক্ষকবৃন্দের আনুষঙ্গিক কাগজপত্রাদিসহ চাকরি সংক্রান্ত তথ্যাদি সম্বলিত পুরণকৃত ‘তথ্য ছক’ জেলা প্রশাসকের মাধ্যমে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবর আবেদন সুপারিশ সহকারে প্রেরণ করেন। সেক্ষেত্রে বর্ণিত কলেজে উপাধ্যক্ষ না থাকায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার অর্পণ/গ্রহণের লক্ষ্যে ইতিহাস বিষয়ের সহকারি অধ্যাপক জনাব দীপক কান্তি চাকমা ইনডেক্স নং-৪০৫৬৫৫-কে জ্যেষ্ঠ শিক্ষক বিবেচনায় পরবর্তী অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদায়ন না হওয়া পর্যন্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার প্রদান করা হলো এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৭-০৮-২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০০২.০০৪.২০১৮-৮৮ সংখ্যক স্মারক পত্রের নির্দেশনা অনুযায়ী কলেজের আর্থিক বিষয়সহ অন্যান্য সকল প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

১. প্রশাসনিক পদ অধ্যক্ষ/উপাধ্যক্ষ পূরণ হওয়ার সাথে সাথে এ আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।
২. সরকারি বিধি অনুযায়ী তাঁর অবসররোত্তর ছুটি/অবসরের সাথে সাথে বিধি অনুযায়ী দায়িত্ব হস্তান্তর করতে হবে।
৩. দায়িত্বকালীন সময়ের আর্থিক বিষয়সহ সকল কাজে ভারপ্রাপ্ত অধ্যক্ষ দায়বদ্ধ থাকবেন।
৪. আর্থিক ক্ষমতাসহ পরবর্তী ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনোনয়নের জন্য তাঁর অবসররোত্তর ছুটি/অবসরের অন্তত এক মাস পূর্বে ৫(পাঁচ) জন জ্যেষ্ঠ শিক্ষকের তথ্যসহ তালিকা প্রেরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মীর রাহাত মাসুম-১৬৩৯৮)

সহকারী পরিচালক (কলেজ-৪)

ফোন-৪১০৫০২৮৭

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৪৩.১২২.১৬- ৪৫২

তারিখ: ১৫/০৫/২০২৩ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম;
- ০৪। জেলা প্রশাসন.....;
- ০৫। উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার.....;
- ০৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....;
- ০৮। জনাব.....;
- ০৯। সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার.....;
- ১০। সংরক্ষণ নথি।